

যুগান্তর

তারিখ ২৪ MAY 2007
পৃষ্ঠা ৩ কলাম ৩

২৮

অবৈধ বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করে চাপে পড়েছে ইউজিসি

যুগান্তর রিপোর্ট

অবৈধভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ৫৬টি বেসরকারি ও বিদেশী বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করে চাপে পড়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইতিমধ্যে চারটি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ইউজিসিকে সিগ্যাল নোটিশ দেয়া হয়েছে। মঙ্গলবার ঢাকার অস্ট্রেলিয়া হাইকমিশন ও ব্রিটিশ কাউন্সিল ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম সরাসরি সাক্ষাৎ করে তালিকা প্রকাশের যৌক্তিকতা জানতে চেয়েছেন।

ইউজিসি সূত্র জানিয়েছে, প্রতিনিধি দলের পক্ষ থেকে তালিকা প্রকাশের ঘটনায় উত্তর প্রকাশ করা হয়। তবে অস্ট্রেলিয়া হাইকমিশনের পক্ষ থেকে নিষিদ্ধ ঘোষিত ৫৬টির মধ্যে অন্যতম অস্ট্রেলিয়া ন্যাশনাল ইউনিভার্সিটির নামে অস্ট্রেলিয়ায় কোন বিশ্ববিদ্যালয় নেই বলে

জানানো হয়। ওই সূত্র জানায়, অবৈধ ঘোষিত ৫৬টির মধ্যে ৫১টিই অস্ট্রেলিয়া এবং ইংল্যান্ডের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শাখা।^{*} ইউজিসির পক্ষ থেকে প্রতিনিধি দলের জিজ্ঞাসার কঠোর জবাব দেয়া হতে পারে নিশ্চিত করেছে। এ সময় ইউজিসি চেয়ারম্যান বলেন, অস্ট্রেলিয়া কিংবা ইংল্যান্ডে বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয় অনুমতি না নিয়ে এভাবে শাখা খুলে কার্যক্রম পরিচালনার সুযোগ কিংবা পুরে পুরে পেতে পারবে না। এ সময় ইউজিসি চেয়ারম্যান বাংলাদেশের উচ্চশিক্ষার প্রত্যয় ব্যক্ত করে বলেন, সরকারি নির্দেশে তালিকা প্রকাশ করা হয়েছে। আইন অনুযায়ী পরবর্তী কার্যক্রমে অগ্রসর হবে বলে জানিয়ে দেয়া হয়।

জানা গেছে, সত্য ইউজিসির চেয়ারম্যান ছাড়াও সদস্যরা উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলে তালিকা : পৃষ্ঠা ২ : কলাম ৮

তালিকা : অবৈধ বিশ্ববিদ্যালয় (৩য় পৃষ্ঠার পর)

অস্ট্রেলিয়া হাইকমিশনের তেপুটি হাইকমিশনার রিচার্ড রুডগার্ড, কমিশনের কর্মকর্তা মিনহাজ ও চৌধুরী, ব্রিটিশ কাউন্সিলের তেপুটি ডিরেক্টর রিচার্ড বাডারল্যান্ড, এডুকেশন প্রমোশন এন্ড মার্কেটিং পরিচালক রাইকা রিপাওয়ারী-খান প্রমুখ উপস্থিত ছিলেন।

বৈঠকের সভাপতিত্ব করেন ইউজিসির সদস্য অধ্যাপক তারেক শামসুর রেহমান এবং ব্রিটিশ কাউন্সিলের কর্মকর্তা রাইকা রিপাওয়ারী খান।